দৈনিক বাংলা

তারিখ 0 2 JUN 1992
পৃষ্ঠা ১ কলাম ৩

ব্যাক গ্রাউণ্ডে গুলির শব্দ

# বিশ্ববিদ্যালয়ে নবীনদের প্রথম দিন—

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ চারিদিকে গোলাগুলির শব্দ। তার মধ্যে পুরনোরা বরণ করে নিল নবীনদের। সেই সঙ্গে সন্ত্রাস কবলিত ঢাকা বিশ্ববিদ্যালয়ে আরেকটি শিক্ষাবর্ষের ছাত্রছাত্রীরা তাদের শিক্ষা জীবন শুরু করলো।

সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণ-যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগসহ আরও কয়েকটি বিভাগে প্রথম বর্ষ সম্মান শ্রেণীর ক্লাস শুরু হয়েছে।

দুপুর আড়াইটায় সাংবাদিকতা বিভাগের নতুন ছাত্র-ছাত্রীদের ক্লাস শুরু হওয়ার আগে বিভাগের পুরনো ছাত্র-ছাত্রীরা তাদের বরণ করে নেয়। নবীনদের মিষ্টিমুখ করানো হয়। গোলাপ ফুল দিয়ে স্বাগত জানানো হয়। এই আনন্দময়

(৭-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## নবীনদের প্রথম দিন—

( প্রথম পৃষ্ঠার পর )

মুহূর্তটিতে ক্যাম্পাসের অন্যদিক থেকে ভেসে আসছিল গোলাগুলির শব্দ।

জহুরুল হক হল ও সলিমুল্লাহ হলে অবস্থানরত ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে তখন গুলিবিনিময় হচ্ছিল। গোলাগুলির প্রচণ্ড শব্দে অবশ্য নবীনদের তেমন ভড়কে যেতে দেখা যায়নি। কারণ পুরনোরা তাদের আশার বাণী শুনিয়েছে। যে কার্ড দিয়ে তাদের শুভেচ্ছা জানানো হয় তাতে লেখা ছিল – গুড টাইম কামিং, বয়েজ এন্ড গার্লস, এ গুড টাইম কামিং, ওয়েট এ লিটল লংগার – সামনে সুন্দর সময়, আরেকটু অপেক্ষা কর, সামনে সুন্দর সময় ····।